দৈনিক ইত্তেফাক

তারিখ ... 14 MAR 1993 ...
পৃষ্ঠা ... ৫২ ... কলাম ... ৩ ...

শিক্ষক সমিতির সাংবাদিক সম্মেলন

# রাজশাহী ভার্সিটির ভিসি ও প্রো-ভিসি'র পদত্যাগ দাবী

রাজশাহী অফিস ।। রাজশাহী বিশ্ববিদ্যালয়ের শিক্ষক সমিতি গতকাল শনিবার সন্ধ্যায় সমিতির নগরী কার্যালয়ে আহূত এক সংবাদ সম্মেলনে রাজশাহী বিশ্ববিদ্যালয়ের উপাচার্য প্রফেসর আনিসুর রহমান ও উপ-উপাচার্য প্রফেসর আজহার উদ্দিনের বিরুদ্ধে অযোগ্যতা ও ব্যর্থতার অভিযোগ উত্থাপন করিয়া তাহাদের অপসারণ দাবী করিয়াছে। সমিতি বিশ্ববিদ্যালয় হল ও ক্যাম্পাসে ছাত্র-ছাত্রীদের নিরাপত্তা, শিক্ষা ব্যবস্থায় শান্তিপূর্ণ পরিবেশ ফিরাইয়া আনা ও ক্ষতিগ্রস্ত ছাত্রাবাসসমূহ মেরামত করিয়া বিশ্ববিদ্যালয় সত্বর খুলিবার দাবী জানাইয়াছে। বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির সভাপতি প্রফেসর কয়েস উদ্দিন লিখিত বক্তব্যে বিগত ৬ই ফেব্রুয়ারী রাজশাহী বিশ্ববিদ্যালয়ে সংঘটিত স্মরণকালের জঘন্যতম হত্যাকাণ্ড ইসলামী ছাত্র শিবিরের পূর্ব পরিকল্পিত বলিয়া উল্লেখ করেন এবং বলেন, উপাচার্য ও উপ-উপাচার্যের অদূরদর্শিতা ও ত্বরিৎ ব্যবস্থাগ্রহণে ব্যর্থতার ফল বলিয়া অভিযোগ করেন। পূর্ব হইতেই ছাত্র শিবির ক্যাম্পাসে সশস্ত্র বহিরাগত ক্যাডার আমদানী করার খবর পাইয়াও কর্তৃপক্ষ সিণ্ডিকেটে সিদ্ধান্ত থাকা সত্ত্বেও বিডিআর এবং পুলিশকে শান্তি-শৃঙ্খলার কাজে ব্যবহার করেন নাই বলিয়া সংবাদ সম্মেলনে অভিযোগ করা হয়। ১৯৭৩-এর গণতান্ত্রিক বিশ্ববিদ্যালয় অধ্যাদেশ বাতিলের সুপারিশে অন্যান্য উপাচার্যের মতো রাজশাহী বিশ্ববিদ্যালয়ের উপাচার্য স্বাক্ষর করায় তীব্র নিন্দা জ্ঞাপন ও ঐ সুপারিশ বাস্তবায়নের বিরুদ্ধে আন্দোলনের সিদ্ধান্ত ঘোষণা করা হয়।

ইহার আগে প্রফেসর কায়েস আহমদের সভাপতিত্বে জুবেরী ভবনে শিক্ষক সমিতির এক সভায় এই সকল সিদ্ধান্ত গৃহীত হয়। আরো সিদ্ধান্ত গৃহীত হয় যে, রাজশাহী বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতি বিধিবদ্ধ সংস্থার সভা ব্যতিরেকে উপাচার্য বা উপ-উপাচার্য আহূত কোন সভায় অংশগ্রহণ হইতে বিরত থাকিবে। শিক্ষক সমিতির একটি অংশ সভা হইতে দ্বিমত পোষণ করিয়া বাহির হইয়া যায় বলিয়া জানা গিয়াছে।